অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/3/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ক্যালিফোর্নিয়ার দাবানলের মোকাবেলা করতে মোতায়েন করা নিউ ইয়র্ক স্টেটের দমকল কর্মীদের ফেরত আসাকে স্বাগত জানালেন

কানাডা, ক্যালিফোর্নিয়া, আইডাহো, এবং মন্টানাতে দাবানল নিয়ন্ত্রণ করার প্রয়াসে DEC দমকল বাহিনী সহায়তা করেছে

আগুন লাগার ক্ষেত্রে ব্যস্ত বছরে এটি নবম মোতায়েন

মোতায়েনের ছবি এখানে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে ক্যালিফোর্নিয়াতে দুই সপ্তাহের একটি মিশনের পর নিউ ইয়র্ক স্টেট পরিবেশ সংরক্ষণ বিভাগের (New York State Department of Environmental Conservation, DEC) ফরেস্ট রেঞ্জারদের নেতৃত্বে 20 জন দাবানল দমকল সদস্য নিরাপদে ফেরত এসেছে। দলটি স্মিথ রিভার কমপ্লেক্স অগ্নিকাণ্ডে দমকলের প্রয়াসকে সহায়তা করেছে।

"নিউ ইয়র্কবাসীরা যখন অন্যদের বিপদ দেখে, তখন আমরা সাহায্যের জন্য এগিয়ে যাই," **গভর্নর হোকল বলেন।** "এই গ্রীষ্মকালে এবং ফল মৌসুমে একাধিক দমকল দল ওয়েস্টার্ন স্টেটসমূহ ও কানাডাতে গিয়েছে কারণ দাবানল নিয়ন্ত্রণের বাইরে চলে গিয়েছিলো এবং প্রশমন প্রয়াসে অভিজ্ঞদের কাজ করার দরকার হয়েছিলো। নিউ ইয়র্কের নিবেদিত দাবানল দমকল যে তাদের বন্ধু ও পরিবারকে রেখে আগন্তুকদের সাহায্য করতে ইচ্ছুক ছিলো তার জন্য আমি কৃতজ্ঞ এবং তাদের বাড়ি ফিরে আসাকে স্বাগত জানাতে পেরে আমি খুশি।"

স্মিথ রিভার কমপ্লেক্সের আগুন 94,500 একরের বেশি পুড়িয়ে ফেলেছে এবং বর্তমানে তা 85 শতাংশ নিয়ন্ত্রণ করা গেছে। 15 আগস্ট বজ্রপাতের ফলে আগুনের সূত্রপাত হয়। সারা দেশের 38টি ভিন্ন দলের সাথে নিউ ইয়র্ক স্টেট দল যোগদান করে। নয়জন অতিরিক্ত রেঞ্জার, ভূমি ও বন বিভাগ (Lands and Forests Divison), মৎস্য ও বন্যপ্রাণী (Fish and Wildlife Divison), এবং উপাদান ব্যবস্থাপনা (কীটনাশক) (Materials Management Divison (Pesticides)), এবং জরুরি ব্যবস্থাপনা অফিস (Office of Emergency Management) থেকে DEC (Department of Environmental Conservation) এর নয়জন দক্ষ প্রশিক্ষিত দাবানল দমকল কর্মী, এবং একজন স্বেচ্ছাসেবী দমকল কর্মীর দুই সপ্তাহের অ্যাসাইনমেন্টের সময় পরিবেশ সংরক্ষণ বিভাগের

ফরেস্ট রেঞ্জার রবার্ট "এরিক" স্ট্র্যাটন ক্রুদের নেতা হিসেবে দায়িত্ব পালন করেছেন। সাড়াদানকারীদের উদ্দেশ্য ছিল মাধ্যমিক আগুনের লাইনে জ্বালানি হ্রাস করতে কাঠ কাটার অপারেশন।

নিউ ইয়র্ক স্টেট পরিবেশ সংরক্ষণ বিভাগের কমিশনার ব্যাসিল সেগোস বলেন, "বহু প্রতিভার এই দলটিতে DEC এর চারটি বিভাগের প্রতিনিধি ছিলো এবং আমাদের পশ্চিমের প্রতিবেশীদের আহ্বানে সাড়াদান করার জন্য আমি তাদের সকলকে ধন্যবাদ জানাচ্ছি। DEC এর ফরেস্ট রেঞ্জার এবং অন্যান্য প্রশিক্ষিত দাবানল দমকল কর্মী যখন এই আগুনের স্থানে পৌঁছায়, তখন এর মাত্র 21 শতাংশ নিয়ন্ত্রণে ছিলো। তাদের দক্ষতা, এবং আবহাওয়ার কিছুটা সাহায্যের ফলে, সম্প্রদায়সমূহ এখন আরো ভালো সুরক্ষা পাচ্ছে এবং আগুন প্রায় নিয়ন্ত্রণে চলে এসেছে।"

ফেরত আসা দল
রবার্ট "এরিক" স্ট্র্যাটন, ক্রু নেতা, ফরেস্ট রেঞ্জার, সালিভ্যান কাউন্টি
হানা বিবার, মৎস্য ও বন্যপ্রাণী, কর্টল্যান্ড কাউন্টি
মার্ক ব্র্যান্ড, ফরেস্ট রেঞ্জার, এসেক্স এবং হ্যামিল্টন কাউন্টি
জেমস ক্যানেভারি জুনিয়র, মৎস্য ও বন্যপ্রাণী, জেফার্সন কাউন্টি
মাইকেল চ্যাপেল, ফরেস্ট রেঞ্জার, ওনোন্ডাগা এবং ক্যাইয়ুগা কাউন্টি
জশ শোকেট, মৎস্য ও বন্যপ্রাণী, ডেলাওয়্যার কাউন্টি
লরেন্স ডে জুনিয়র, স্বেচ্ছাসেবী দমকল
ইভান ডোনেগান, ফরেস্ট রেঞ্জার, ওয়ারেন কাউন্টি
প্যাট্রিক ডর্মার, ফরেস্ট রেঞ্জার, অন্টারিও এবং ইয়েটস কাউন্টি
এরিক এগার, ভূমি ও বন, স্টুবেন কাউন্টি
জন গালেন, ফরেস্ট রেঞ্জার, কলাম্বিয়া কাউন্টি
নিকোলাস জনস্টোন, জরুরি ব্যবস্থাপনা, অ্যালবানি কাউন্টি
ড্যান কিনসলে, কীটনাশক, অ্যালবানি কাউন্টি
রবার্ট ম্যাকেঞ্জি, ভূমি ও বন, আলস্টার কাউন্টি
মেলিসা মিলানো, ফরেস্ট রেঞ্জার, হ্যামিল্টন কাউন্টি
ইভান নাহোর, ফরেস্ট রেঞ্জার, সারাটোগা কাউন্টি
হানা ও'কনর, ফরেস্ট রেঞ্জার, এসেক্স এবং ফ্র্যাঙ্কলিন কাউন্টি
কাইল ওলসন, মৎস্য ও বন্যপ্রাণী, কর্টল্যান্ড কাউন্টি
নিলসন স্নাই, ফরেস্ট রেঞ্জার, এক্সেস কাউন্টি
টিমোথি ইয়েটস, ভূমি ও বন, আলস্টার কাউন্টি

দাবানলের আগুন শুধু ওয়েস্টার্ন স্টেটসমূহ ও কানাডায় বিপর্যয় সৃষ্টি করছে না, এই আগুন নিউ ইয়র্কের বাতাসের মানকেও ক্ষতিগ্রস্ত করতে পারে। জুন এবং জুলাই মাসের বেশ কিছু দিনে, নিউ ইয়র্কের অনেক অংশ, কানাডা এবং পশ্চিম মার্কিন যুক্তরাষ্ট্রের দাবানলের ধোঁয়ার কারণে বাতাসে সূক্ষ্ম আণবিক পদার্থ বেড়ে যাওয়ার জন্য নিউ ইয়র্ক বাতাসের গুণমান সংক্রান্ত স্বাস্থ্য পরামর্শ সাপেক্ষ ছিল।

DEC-এর আবহাওয়াবিদরা ওজোন বা সূক্ষ্ম আণবিক পদার্থে দূষণের মাত্রা একটি বাতাসের গুণমানের সূচক (Air Quality Index, AQI) মান 100 অতিক্রম করার অনুমান করলে বাতাসের গুণমান সংক্রান্ত স্বাস্থ্য পরামর্শ জারি করে। সূক্ষ্ম আণবিক পদার্থের সংস্পর্শে এলে চোখ, নাক এবং গলায় অস্বস্তি, কাশি, হাঁচি, নাক দিয়ে জল পড়া এবং শ্বাসকষ্টের মতো স্বল্পমেয়াদী শারীরিক প্রভাব পড়তে পারে। বর্ধিত সূক্ষ্ম আণবিক পদার্থের সম্মুখীন হওয়ার ফলে হাঁপানি এবং হার্টের রোগের মতো চিকিৎসাজনিত অবস্থা আরও খারাপ হতে পারে। জনস্বাস্থ্য রক্ষায় সহায়তা করতে যখনই পরিস্থিতি আশঙ্কাজনক হবে তখনই নিউ ইয়র্ক স্টেট পরামর্শ জারি করতে থাকবে। ওজোন ও PM 2.5 সম্পর্কিত অতিরিক্ত তথ্য DEC-এর ওয়েবসাইটে এবং স্টেটের স্বাস্থ্য দপ্তরের ওয়েবসাইটে উপলভ্য। DEC এর থেকে ঘোষণাগুলির সাথে আপ-টু-ডেট থাকতে, DEC Delivers এর মাধ্যমে বাতাসের গুণমানের সতর্কতাগুলি পেতে সাইন আপ করুন: DEC-র প্রিমিয়ার ইমেল পরিষেবা।

1979 সালে, পশ্চিমাঞ্চলীয় স্টেটপগুলোর বড় বড় দাবানলে সহায়তার উদ্দেশ্যে নিউ ইয়র্ক প্রথম অগ্নিনির্বাপক বাহিনী পাঠিয়েছিল। সেই সময় থেকে, প্রয়োজন অনুসারে প্রতি বছর গড়পড়তায়, দাবানল নিয়ে সাহায্য করার উদ্দেশ্যে কিছু কর্মী প্রেরণ করা হয়েছে। আজকে নিয়োজিত কর্মীদল আপৎকালীন পরিস্থিতিতে বা দাবানলকে স্টেট থেকে বিতাড়িত করতে সহায়তা করার ক্ষেত্রে DEC-র থেকে দল বা স্বতন্ত্র্য ব্যক্তির নবম নিয়োজন হবে। দাবানল নিয়ন্ত্রণ এবং ক্ষয়ক্ষতি হ্রাসে সহায়তা করার পাশাপাশি, এই কর্মীরা মূল্যবান অভিজ্ঞতা অর্জন করে যেগুলো নিউইয়র্কের দাবানলের বিরুদ্ধে লড়াইয়ে এবং সকল ঝুঁকিপূর্ণ ঘটনা পরিচালনা করার জন্য কাজে লাগানো যাবে। নিউ ইয়র্ক কর্মীদলের সমস্ত ব্যক্তিগত এবং যাতায়াতের খরচ হয় মার্কিন যুক্তরাষ্ট্রের অরণ্য পরিষেবা (U.S. Forest Service) সরাসরি পরিশোধ করে অথবা স্টেট এবং ফেডারেল ভূমি এজেন্সিগুলির মধ্যকার পারস্পরিক সহায়তা চুক্তির ভিত্তিতে নিউ ইয়র্ক স্টেটকে এর ব্যয়পূরণ প্রদান করা হয়।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন